



## বিএনপি অনিবার্য কারণ ছাড়া নির্বাচন বিলম্ব চায় নাহ: নজরুল ইসলাম খান



সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় নির্বাচনে অযৌক্তিক বিলম্ব চায় না বিএনপি বলে জানিয়েছেন দলের স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান। তিনি বলেন, তফসিল পেছালে ভোট আয়োজন নিয়েই অনিশ্চয়তা তৈরি হতে পারে, তাই অনিবার্য কারণ ব্যতীত নির্বাচন বিলম্বের কোনো প্রস্তাবে বিএনপি একমত নয়।

বৃহস্পতিবার (৪ ডিসেম্বর) প্রধান নির্বাচন কমিশনারের সঙ্গে বৈঠক শেষে ব্রিফিংয়ে তিনি এ মন্তব্য করেন। নজরুল ইসলাম খান জানান, এবার দুটি ব্যালটে ভোটগ্রহণ হবে, যা সময়সাপেক্ষ। তাই প্রতিটি জেটার যাতে নির্বিঘ্নে ভোট দিতে পারে, সে বিষয়টি নিশ্চিত করতে কেন্দ্রভিত্তিক অতিরিক্ত ভিডেওর সমস্যা নিয়ে উদ্বেগ জানিয়েছে বিএনপি। সিইসি জানিয়েছেন, রোববার এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

তিনি আরও বলেন, ব্যালট পেপার সরকারি প্রিন্টিং প্রেসেই মুদ্রণ করা উচিত—এটি বিএনপির দীর্ঘদিনের দাবি। কোনো বেসরকারি প্রতিষ্ঠানে ব্যালট ছাপানো যেন না হয়, সে বিষয়ে নির্বাচন কমিশনকে অবহিত করা হয়েছে। পাশাপাশি পাসপোর্টকে জাতীয় পরিচয়পত্র হিসেবে গ্রহণের অনুরোধও করা হয়েছে।

খালেদা জিয়ার বিদেশ যাওয়া প্রসঙ্গে বিএনপির এই নেতা বলেন, “সম্ভবত আগামীকাল ভোরেই বেগম খালেদা জিয়া চিকিৎসার জন্য দেশের বাইরে যাচ্ছেন। আমরা আশা করি, তিনি দ্রুত সুস্থ হয়ে ফিরে আসবেন।”